ক বাংলা

তারিখ ... ৭.৫.৮৪ ...
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

030

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা

## এম ফিল ও পি-এইচ ডি কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

১৯৮৪-৮৫ শিক্ষাবর্ষে এমফিল ও পিএইচডি কোর্সে নিম্নবর্ণিত বিভাগসমূহে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

অর্থনীতি, ভূগোল, পদার্থ বিজ্ঞান ও রসায়নশাস্ত্র।

১। এমফিল কোর্সে ভর্তির জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী।

(ক) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার একটিতে প্রথম বিভাগ এবং অপরটিতে দ্বিতীয় বিভাগ এবং অন্ততঃ পক্ষে স্নাতক পাশ/সম্মান অথবা স্নাতকোত্তর পরীক্ষায় একটিতে গড়পড়তা ৫৫% নম্বর এবং অপরটিতে গড়পড়তা ৫০% নম্বর থাকতে হবে।

(খ) স্নাতক পাশ/সম্মান ও স্নাতকোত্তর পরীক্ষায় একটিতে প্রথম বিভাগ ও অপরটিতে গড়পড়তা ৫৫% নম্বর প্রাপ্তদের বেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগ থাকলেই চলবে।

প্রতি বিভাগে মাসিক টাকা ৭৫০/- হারে ১টি করে বৃত্তির ব্যবস্থা রয়েছে।

২। পিএইচডি কোর্সে ভর্তির জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী

বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা অথবা স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত ভাল একাডেমিক রেকর্ডসহ অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং/অথবা শিক্ষা সংক্রান্ত গবেষণামূলক কাজের অভিজ্ঞতা, এমফিল ডিগ্রীধারীগণও এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন।

উপরে (১) ও (২)এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণ সংশ্লিষ্ট বিভাগে প্রাপ্তব্য নির্ধারিত ভর্তি ফরমে আগামী ১৯-৫-৮৪ তারিখের মধ্যে বিভাগীয় চেয়ারম্যানের নিকট ভর্তির জন্য আবেদন করতে পারেন। চাকরিতে নিয়োজিত ব্যক্তিগণকে তাঁদের স্ব স্ব নিয়োগ কর্তার মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে হবে।

ভর্তির জন্য অন্যান্য নিয়মাবলী সংশ্লিষ্ট বিভাগ কিংবা নিম্নস্বাক্ষরকারীর অফিসে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে জানা যেতে পারে।

জি—১৮৬৮

রেজিস্ট্রার।